

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি শিশু পরিবার (বালিকা)
চুয়াডাঙ্গা
gfcf.chuadanga.gov.bd

২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪১.০১.১৮০০.০৩৭.১৬.০০৫.২০.১১০

বিষয়: সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গাতে অবস্থানরত নিবাসী মোছাঃ পারভীন (১২) এর পিতা-মাতার তথ্য প্রদানের জন্য সহায়তা
প্রসঙ্গে।

সূত্র: ০২/১০/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত অত্র প্রতিষ্ঠানে পিতৃমাতৃহীন বা পিতৃহীন এতিম বালিকা শিশু লালিত পালিত হচ্ছে। উপতত্ত্বাবধায়ক, মহিলা ও শিশু কিশোর হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র (সেফহোম), টেপাখোলা, ফরিদপুর হতে স্মারক নং-৪১.০১.২৯০০.০২৮.১৮.০০১.২৩.১৮৬ তাং-১২/০৪/২০২৩ খ্রি. মূলে উক্ত সুবিধা বঞ্চিত শিশু পারভীন (১২) এর ভবিষ্যৎ জীবন গঠন ও পড়াশুনা করার নিমিত্ত তাকে সরকারি শিশু পরিবার (বালিকা) চুয়াডাঙ্গাতে স্থানান্তরের আবেদন মঞ্জুরের প্রেক্ষিতে আমলী আদালতের নির্দেশে মোছাঃ পারভীন (১২) নামের একটি শিশু অত্র প্রতিষ্ঠানে আসে। তার কেস স্টাডি করে জানা যায় যে, সে এতদিন পিরোজপুরে একটি বাড়ীতে কাজ করতো। পিরোজপুরের ইরানি শেখ নামের একজন যুবলীগ নেত্রীর বাসায় থাকতো। তাকে বাসা থেকে বের করে দেয়া হলে সে ঘটনাক্রমে চুয়াডাঙ্গাতে এসে হাজির হয়। সে তার পরিচয় বলতে পারে না। তার সামান্য অক্ষর জ্ঞান আছে, তবে সে পড়তে পারে না, কোনদিন স্কুলেও যায় নি। তার থেকে জানা যায় যে, তার পিতার নাম আব্দুল্লাহ এবং মাতার নাম তছলিমা কিন্তু কোন ঠিকানা বলতে পারে না।

এমতাবস্থায়, সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গাতে অবস্থানরত নিবাসী মোছাঃ পারভীন (১২) এর বিষয়টি সদয় বিবেচনা পূর্বক তার পিতা-মাতার তথ্য প্রদানে সহায়তা করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।


সংযুক্ত:

০১। ০২/১০/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী ০৩ পাতা বিশিষ্ট- ০১ (এক) সেট।

০২। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত কর্তৃক মঞ্জুরী পত্র ০২ (দুই) পাতা বিশিষ্ট- ০১ (এক) সেট।

০৩। স্মারক নং-৪১.০১.২৯০০.০২৮.১৮.০০১.২৩.১৮৬ তাং-১২/০৪/২০২৩ খ্রি. মোতাবেক পত্র- ০১ পাতা।

০৪। মোছাঃ পারভীন (১২)-এর ছবি- ০১ টি।



১২-১০-২০২৩
রোম্মানা বিলকিস
উপতত্ত্বাবধায়ক

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা।

স্মারক নম্বর: ৪১.০১.১৮০০.০৩৭.১৬.০০৫.২০.১১০/১(৩)

২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, প্রতিষ্ঠান অধিশাখা, সমাজসেবা অধিদফতর;
- ২। পরিচালক(উপসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা এবং
- ৩। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা।



Romana Bili

১২-১০-২০২৩
রোমানা বিলকিস
উপতত্ত্বাবধায়ক

সকল সংযুক্তিসমূহ:

- (১) ০২১০২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
- (২) আদালত কর্তৃক মঞ্জুরী পত্র
- (৩) নিবাসী মোছাঃ পারভীন (১২) ছবি